

Subject: কিন্ডারগার্টেন এবং গিফটেড অ্যান্ড ট্যালেন্টেড-এর অপেক্ষা-তালিকা 22 সেপ্টেম্বর বন্ধ হবে

প্রিয় পরিবারবর্গ,

আমরা আশা করছি আপনার সন্তান শিক্ষা বছর শুরু করার জন্য উদ্বীগু হয়ে আছে! 2023-24 শিক্ষা বছরের জন্য কিন্ডারগার্টেন এবং গিফটেড অ্যান্ড ট্যালেন্টেড-এর অপেক্ষা-তালিকা শুক্রবার, 22 সেপ্টেম্বর বন্ধ হবে। এই তারিখটি হচ্ছে শেষ দিন, যেদিন আপনার সন্তানকে একটি অপেক্ষা-তালিকার অফার দেয়া হতে পারে। এই তারিখের পর, একটি অপেক্ষা-তালিকার অফার গ্রহণ করতে সরাসরি স্কুলের সাথে যোগাযোগ করুন। স্মরণ করিয়ে দিচ্ছি যে, আপনার [MySchools](#) অ্যাকাউন্টে "ফলাফল এবং অপেক্ষা-তালিকা দেখুন" (View Results and Waitlists) বাটনে ক্লিক করার পর "অপেক্ষা-তালিকা দেখুন" (View Waitlists) ক্লিক করে আপনি আপনার অপেক্ষা-তালিকার অবস্থা এবং অফারসমূহ দেখতে পারেন। এখানে, আপনি "অফারসমূহ" (Offers)"-এর নিচে অফারগুলো দেখতে পাবেন। আপনি যখন একটি অপেক্ষা-তালিকার অফার পাবেন, তখন ইমেইলও পাবেন।

কিন্ডারগার্টেনের জন্য – আপনি যদি ইতোমধ্যে স্কুলের জন্য রেজিস্টার না করে থাকেন, তবে অনুগ্রহ করে আসনপ্রাপ্তির জন্য আপনার জোনভুক্ত স্কুলের সাথে যোগাযোগ করুন। আপনার জোনভুক্ত স্কুলটি [এখানে](#) নিশ্চিত করতে পারেন। আপনার যদি কোনো জোনভুক্ত স্কুল না থেকে থাকে, তবে সহায়তা পেতে আপনি আপনার স্থানীয় ফ্যামিলি ওয়েলকাম সেন্টার ([schools.nyc.gov/FWC](#)) -এর সাথে যোগাযোগ করতে পারেন।

অপেক্ষা-তালিকা বা ওয়েটলিস্ট সম্পর্কে আরও জানতে, ([schools.nyc.gov/waitlists](#)) দেখুন।

1-4 গ্রেডের গিফটেড অ্যান্ড ট্যালেন্টেড-এর জন্য – বর্তমান শিক্ষা বছরের জন্য আপনার একটি সম্ভাব্য অপেক্ষা-তালিকার অফার পাবার শেষ দিন হচ্ছে 22 সেপ্টেম্বর। আপনি যদি আগামী বছরের জন্য ভর্তিতে অংশগ্রহণ করতে চান, তবে অনুগ্রহ করে প্রক্রিয়াটি সম্পর্কে হালনাগাদ তথ্য পেতে এখানে ([schools.nyc.gov/SignUp](#)) সাইন আপ করুন।

শুভেচ্ছান্তে,

এলিমেন্টারি স্কুল অ্যাডমিশনস্ টিম

অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্ট

এই ইমেইলটি কি আপনার কোনও বন্ধু আপনাকে প্রেরণ (ফরওয়ার্ড) করেছেন? [schools.nyc.gov/SignUp](#) -এ, আমাদের এলিমেন্টারি স্কুলে ভর্তিতে আগ্রহীদের মেইলিং লিস্টে (ডাক তালিকায়) নাম লেখাতে (বা সাইন আপ করতে) ভুলবেন না। এলিমেন্টারি স্কুলে ভর্তি সংক্রান্ত বিষয়ে ভবিষ্যতে কোনও বার্তা না পেতে চাইলে, তথা আনসাবসক্রাইব করতে অনুগ্রহ করে [এখানে](#) ক্লিক করুন।